রেজিঃ ডাকযোগে/ই-মেইল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা
www.chicd.gov.bd

**গণ বিজ্ঞপ্তি**

**গণ বিজ্ঞপ্তি নং-০৩**

তারিখ: ২৯/০২/২০২৪ খ্রি.।

বিষয় ঃ কাস্টম এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর বিধি-১৫ অনুযায়ী কাস্টম এজেন্টস লাইসেন্স নবায়ন।

সূত্র ঃ ০১। ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন কর্তৃক প্রেরিত আবেদন পত্র নথি নং-ডিসিএএ/০৩/০৭ (৩২১১)২০২৩/১০৪৯ তারিখ: ২৮/১২/২০২৩ খ্রি.।

০২। এ দপ্তরের স্মারক নং-০৫-কাস(১২২) লাইসেন্স বিবিধ/আইসিডি/২০১৬/১২৯৬৩(১১) তারিখ: ৩১/১২/২০২৩ খ্রি.।

০৩। ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন কর্তৃক প্রেরিত আবেদন পত্র নথি নং-ডিসিএএ/০৩/০৬ (১৯১৯)২০২৪/১০৭৬ তারিখ: ২৮/০১/২০২৪ খ্রি.।

০৪। এ দপ্তরের স্মারক নং-০৫-কাস(১২২) লাইসেন্স বিবিধ/আইসিডি/২০১৬/১০০৮(১১) তারিখ: ৩০/০১/২০২৪ খ্রি.।

০৫। ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন কর্তৃক প্রেরিত আবেদন পত্র নথি নং-ডিসিএএ/০৩/০৬ (১৯১৯)২০২৪/২৪৫৫ তারিখ: ২৫/০২/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল।

২। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত-০১ নং পত্রের প্রেক্ষিতে এ দপ্তর কর্তৃক জারীকৃত গণ বিজ্ঞপ্তি-০১ তারিখ: ৩১/১২/২০২৩ খ্রি. এর মাধ্যমে ৩১/০১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করা হয়েছিল এবং সূত্রোক্ত-০৩ নং পত্রের প্রেক্ষিতে এ দপ্তর কর্তৃক জারীকৃত গণ বিজ্ঞপ্তি-০২ তারিখ: ৩০/০১/২০২৪ খ্রি. এর মাধ্যমে ২৯/০২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করা হয়েছিলো । ২০২৪-২০২৮ মেয়াদে লাইসেন্সের নবায়ন কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতেদ চলমান রয়েছে এবং সকল লাইসেন্সের নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে আরো কিছুদিন সময়ের প্রয়োজন হবে। এ ক্ষেত্রে সময়সীমা বর্ধিত করা না হলে আমদানি-রপ্তানি কার্যক্রম বাঁধার সম্মুখীন হতে পারে। অতএব বন্দরের আমদানি-রপ্তানি কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য যে সকল সিএন্ডএফ এজেন্ট ২০২৪-২০২৮ মেয়াদের জন্য এজেন্ট লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করেছেন, সূত্রোক্ত-০৫ নং আবেদনের প্রেক্ষিতে সে সকল এজেন্টগণ-কে আগামী ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ ফখরুল আমিন চৌধুরী
যুগ্ম কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে।

নথি নং-০৫-কাস(১২২) লাইসেন্স বিবিধ/আইসিডি/২০১৬/ ২৯৩৫(১১)

তারিখ: ২৯/০২/২০২৪ খ্রি.।

**অনুলিপি: সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো:**

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন , বন্দর, চট্টগ্রাম-৪১০০।
২। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
৩। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
৪। ডেপুটি/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা। (তাঁকে উক্ত বিষয়টি সিস্টেমে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, চেম্বার হাউস, ২য় তলা, ৩৮, আগ্রাবাদ, বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম। (তাঁকে বিষয়টি সকল শিপিং এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা।
৯। ইনচার্জ, মেসার্স সাইফ পাওয়ারটেক লিঃ, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
১০। নোটিশ বোর্ড, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
১১। পি এ টু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯.০২.২৪
মোঃ ফখরুল আমিন চৌধুরী
যুগ্ম কমিশনার